কাথুলি ইউপি চেয়ারম্যানের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমানের উদ্যোগে হত দরিদ্রদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

মঙ্গলবার সকাল থেকে তিনি ইউনিয়নের বিভিন্ন গ্রামে অসহায় হতদরিদ্রদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

দেশে করোনা বিস্তার রোধে বিভিন্ন পেশার মানুষের কাজ বন্ধ থাকায় তাদের পরিবারগুলো বিপাকে পড়ার কারণে এ খাদ্য সহায়তা বিতরণ করা হয় বলে জানান চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

তিনি বলেন দেশে যখন থেকে লকডাউন শুরু হয়েছে তখন থেকেই খাদ্য সহায়তা বিতরণ করা হচ্ছে। যতদিন দেশে স্বাভাবিক পরিস্থিতি না ফিরে আসবে ততদিন এ খাদ্য সহায়তা চলমান থাকবে বলে তিনি জানান।

সাথে সাথে তিনি করোনা বিস্তার প্রতিরোধে সকলকে সামাজিক দুরত্ব মেনে চলার পরামর্শ দিয়েছেন। তিনি সকলের উদ্দেশ্যে বলেন দেশে যারা দরিদ্র শ্রেনীর মানুষ আছেন তাদের দ্বায়িত্ব সরকার নিয়েছেন তাদেরকে সরকার ঘরে খাবার পৌছে দিবেন।

এজন্য কাউকে বিচলিত না হয়ে সামাজিক দুরত্ব মেনে চলার আহবান জানিয়েছেন।

চুয়াডাঙ্গায় করোনা ভাইরাসে আক্রান্ত যুবক এখন করোনামুক্ত

করোনা ভাইরাসে আক্রান্ত চুয়াডাঙ্গার আলমডাঙ্গার ইতালি ফেরত যুবক ভাইরাসমুক্ত হওয়ায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে ছাড়পত্র দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।

মঙ্গলবার বিকেলে ওই যুবককে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে বাড়ি চলে যাওয়ার জন্য ছাড়পত্র দেওয়া হয়। তার সাথে একই হাসপাতালে কোয়ারেন্টিনে থাকা ওই যুবকের পিতাকেও কোয়ারেন্টাইন থেকে মুক্তি দেওয়া হয়।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, গত ১২ মার্চ ওই যুবক ইতালি থেকে বাংলাদেশে আসেন। পরে অসুস্থ্য হয়ে পড়লে ১৬ মার্চ তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়।

পরে গত ১৯ মার্চ পরীক্ষা করে তাকে করোনা ভাইরাস আক্রান্ত বলে শনাক্ত করে আইইডিসিআর। ২৬ বছর বয়সী ওই যুবকের পিতার নমুনাও পরীক্ষা করা হয় কিন্তু তিনি করোনা আক্রান্ত নন বলে জানায় স্বাস্থ্য বিভাগ।

সর্বশেষ গত ২৫ ও ২৯ মার্চ দু’দফা পরীক্ষা করে আইইডিসিআর থেকে জানানো হয় দু’দফা পরীক্ষাতেই ওই যুবকের করোনা ভাইরাসমুক্ত হিসেবে রিপোর্ট এসেছে। এ অবস্থায় ওই যুবককে করোনা মুক্ত বলে ঘোষণা করে আইইডিসিআর কর্তৃপক্ষ।

আজ মঙ্গলবার বিকেল ৫টায় চুয়াডাঙ্গা সিভিল সার্জন কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, দুবারের পরীক্ষায় ওই যুবকের শরীরে করোনা ভাইরাসের আর কোনো উপস্থিতি না থাকায় তাকে ছাড়পত্র দিয়ে বাড়ি যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে।

গাংনীর ধানখোলা গ্রামে জোরপুর্বক জমি ও বাগান দখল

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামে জোরপুর্বক জমি ও বাগান দখল করেছে ইখলাছ গং। আদালতের নিষেধাজ্ঞা লঙ্ঘণ করে দখল চললেও থানা পুলিশ করেও কোন লাভ পাচ্ছে না ভুক্তভোগীরা।

মুজিবনগরে গলাই ফাঁস দিয়ে যুবকের আত্মহত্যা

মুজিবনগরে গলাই ফাঁস দিয়ে সৈকত মন্ডল(২১) নামের এক যুবক আত্মহত্য করেছে।নিহত সৈকত মন্ডল মুজিবনগর উপজেলার রতনপুর পূর্ব পাড়ার মৃত, ডিউক শ্যামল মন্ডল ওরেফে বাপীর ছেলে।

মঙ্গলবার রাত বারোটার পর থেকে দুপুর ১ টার ভিতর যে কোন সময় তার নিজ ঘরে আত্মহত্যা করেছে বলে যানায় স্থানীয়রা।

তবে মঙ্গলবার দুপুর একটার পর বাড়ির লোকজন ঝুলন্ত অবস্থায় তার লাশ দেখতে পায়।
পরে বাড়ির পাশের লোকজন ও পুলিশকে খবর দেয় তারা।

এদিকে পুলিশ জানার পর পর ঘটনাস্থল পরিদর্শন করেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, ঘটনা শোনার পর পরই পুলিশ ঘটনা স্থল পরিদর্শন করে। আত্মহত্যার বিষয়ে কোন ধরনের সন্দেহ নাই। এবং পরিবারের পক্ষ থেকে কারও বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া যায়নি। এদিকে পরিবারের পক্ষ থেকে দাফন করার অনুমতি চাইলে জেলা প্রশাসক স্যার ময়নাতদন্ত ছাড়ায় লিখিতভাবে লাশ দাফনের অনুমোদন দেন।

পরে আমরা জেলা প্রশাসক স্যারের অনুমতি ক্রমে তাদের লাশ দাফনের ব্যাবস্থা করতে বলি।

এদিকে আত্মহত্যার ঘটনা শোনার পর মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি ও সার্কেল এসপি মুস্তাফিজুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন।

গোলক ধাঁধাঁয় মু’মিন মুসলমান

সারা বিশ্ব আজ করোনা নামক এক ভাইরাসের আক্রমণে কোভিড-১৯ নামক মহামারিতে আক্রান্ত। এ ভাইরাসটি নিজে খুব বেশি মারাত্মক না হলেও অতিসংক্রমণশীলতার কারণে দ্রুত পৃথিবীর প্রায় সব দেশে ছড়িয়ে পড়েছে। বিশ্বব্যাপী মানুষকে ঘরে বন্ধি করে রেখেছে।
বিশ্বব্যাপী সকল ধরণের জনসমাবেশ বন্ধ করা হয়েছে। তারই অংশ হিসাবে অনেক দেশে মসজিদে জামাত নিষিদ্ধ করা হয়েছে, ক্বাবা ও মসজিদে নববীসহ অনেক দেশের মসজিদে জামাতে মুসুল্লির সমাগম সীমিত করা হয়েছে। বাংলাদেশেও একই পদ্ধতি অনুসরণ করা হয়েছে। বিভিন্ন ঘরণার আলেমগণের সাথে আলোচনা করে ইসলামিক ফাউন্ডেশন মসজিদে যারা তাদের সুস্থ্যতার বিষয়ে শতভাগ নিশ্চিত নন, তাদের মসজিদে না যেয়ে বাসায় পরিবারের সদস্যদের নিয়ে জামাত করার অনুরোধ করেছেন।
তারই প্রেক্ষিতে, জাতীয় মসজিদ বাইতুল মোকারমে গত শুক্রবার সীমিত আকারে জামাত হয়েছে। অন্যান্য অধিকাংশ মসজিদ এই সিদ্ধান্ত মেনে নিলেও কতিপয় আলেম এ সিদ্ধান্তের সাথে একমত হতে পারছেন না। তাদের কেউ কেউ এই সিদ্ধান্তকে কুফুরি সিদ্ধান্ত এবং যারা এ সিদ্ধান্ত নিয়েছেন তারা কাফের হয়ে গেছেন বলেও মন্তব্য করেছেন। এ ঘরণার আলেমগণ রসুলুল্লাহ (সা) এর একটি বক্তব্য “সংক্রমণ বলে কিছু নেই” (যা বেশ কয়েকটি সহীহ হাদিসে বর্ণিত হয়েছে) কে মূল ভিত্তি হিসেবে উপস্থাপন করছেন।
সাধারণ মানুষের মধ্যে একদিকে করোনা ভাইরাস সংক্রমণের ভয় কাজ করছে আবার অপর দিকে তারা মসজিদে যেয়ে নামাজের ফজিলত প্রাপ্তির আশাও ছাড়তে পারছেন না। তারা এখন সত্যি সত্যি উভয়সংকটে আছেন। বিজ্ঞান নিশ্চিত করেই বলছে করোনা ভাইরাস একজনের দেহ হতে আরেক জনের দেহে সংক্রমিত হয়। আবার রসুলুল্লাহ (সা) এর সহীহ হাদিস বলছে সংক্রমণ বলতে কিছু নেই।
তাহলে কি হাদিসের বক্তব্য নির্ভুল নয়? একজন মু’মিন কল্পনায়ও আনতে পারেন না যে, কোন সহীহ হাদিসের বক্তব্য নির্ভুল হতে পারে না। কারণ রসুলুল্লাহ (সা) নিজ হতে কিছু বলেননি। তিনি সেই কথাই বলেছেন, সেই কাজই করেছেন যা আল্লাহ তাঁকে বলেতে বলেছেন, আল্লাহ তাঁকে করতে বলেছেন। কাজেই সহীহ হাদিসের বক্তব্য ভুল হতে পারে না। দৃশ্যত মু’মিন মুসলমানের বিশ্বাস এবং বিজ্ঞানের নিশ্চিত তথ্য পরস্পর বিপরীত মেরুতে অবস্থান করছে। এর কি কোন ব্যাখ্যা আছে? এক বিষয়ে দু’টি বিপরীতমুখী সিদ্ধান্ত সত্য হতে পারে না। হয় বিজ্ঞান ভুল নয় হাদিস (নাউযুবিল্লাহ)। অথবা এর কি অন্যকোন অর্থ আছে যা আমরা মিস করে যাচ্ছি? এমন কি কোন ব্যাখ্যা আছে যা দিয়ে বোঝা যাবে, হাদিস এবং বিজ্ঞান আসলে একই কথা বলছে?
চলুন আমরা এ বিষয়ে একটু গবেষণা করি। তবে প্রিয় পাঠক, মনে রাখবেন, লেখক না বৈজ্ঞানিক, না আলেম। লেখক ভূতত্ত্ব ও ব্যবসায় প্রশাসনে পড়াশুনা করেছেন এবং কাস্টমস ও ভ্যাট নিয়ে কাজ করেন। কাজেই লেখকের

[illegible]
[illegible]
[illegible]

গাংনীতে দুই প্রবাসীর জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের দুই প্রবাসীর পরিবার থেকে দুই হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নিবাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান এবং উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা ডা: রিয়াজুল আলমের সমন্বয়ে গঠিত ভ্রাম্যমাণ আদালত এ জরিমানা আদায় করেন।

এরা হলেন- সিঙ্গাপুর প্রবাসী মাসুদ রানা ও একই গ্রামের সৌদি আরব প্রবাসী জিল্লুর রহমান।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, মাসুদ রানা বাড়ি থেকে লাল পতাকা খুলে রেখেছেন আর জিল্লুর রহমান বাড়ি থেকে নিরুদ্দেশ। মাসুদ রানাকে কোয়ারিন্টিন করা এবং জিল্লর রহমান সেখানে রয়েছে সেখানেই কোয়ারিন্টিন নিশ্চিত করতে পরিবারকে নির্দেশ দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

মুজিবনগরে হোম কোয়ারেন্টাইন পর্যবেক্ষন করেছেন সেনাবাহিনী

মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামে হোম কোয়ারেন্টাইনে থাকা সকল ব্যাক্তিরা ঠিকমত বাসাতে অবস্থান করছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে বাসায় বাসায় যেয়ে পর্যবেক্ষন করেছেন সেনাবাহিনীর সদস্যরা।

এ সময় সকলকে বাসায় বাইরে না বের হবার জন সতর্ক করে আসছে।এবং আতংক না হয়ে সরকারী নির্দেশনা মোতাবেক সকলকে নির্দিষ্ট দিন প্রযন্ত ঘরে অবস্থান করার জন্য বিশেষ ভাবে আহব্বান করেছেন।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর মুজিবনগর উপজেলার ভবেরপাড়া,সোনাপুর গ্রামে সচেতনতামূলক প্রচারণা করা হয় । করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনী ও

মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণা করা হয়।

মুজিবনগরে করোনা প্রতিরোধে প্রচারনায় সেনাবাহিনী জনগনকে আতংক না হয়ে নিজ নিজ ঘরে থাকার আহব্বান জানিয়েছে।সাথে নিজ নিজ যায়গা থেকে সকলকে সতর্ক থাকার জন্য প্রতিটা গ্রামে যেয়ে জনগনের মাঝে বিভিন্ন ধরনের জনসচেতনতামূলক বার্তা পৌছে দিয়েছেন।

এ সময় মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, সেনাবাহিনীর বগুড়া ৪০ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন নাসির উদ্দিন সহ সেনাবাহিনী,পুলিশ সদস্যরা প্রচারণার কাজে অংশগ্রহণ করেন।

গাড়াবাড়িয়ায় অসহায় ব্যক্তিদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর গাংনী উপজেলার গাড়াবাড়িয়া দিনমজুর অসহায় ব্যাক্তিদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালের দিকে গাড়াবাড়িয়া হত দরিদ্র দোকানদার ও দিন মুজুরদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরন করেন ।

গ্রামবাসীর সহযোগিতায় ও যুব সমাজের উদ্দ্যেগে ইয়ূথ এর মেহেরপুর জেলা সমন্বকারী মোঃফিরোজ আহম্মেদ পলাশ-এর প্রচেষ্টায় হত দরিদ্র অসহায় দিনমজুর মানুষের মাঝে খাদ্য সমগ্রি বিতরণ করে।

খাদ্য সামগ্রীর মধ্যে রয়েছে চাল, ডাল, আলু পেয়াজ, রশুন, ঝাল, হুলুদ, লবন, তৈল ও সাবান ইত্যাদি।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন প্রভাষক রেজা, শিমুল, সহ আরো অনেকে।

[redacted]

[redacted]

[redacted]

[

হয়েছে।

সোমবার বিকালে ৫ টার দিকে দর্শনা পৌর আওয়ামী লীগের কার্যলয় থেকে হত দরিদ্র দোকানদার ও দিন মুজুরদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরনী করেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

খাদ্য সামগ্রীর মধ্যে রয়েছে চাল, ডাল, আলু পেয়াজ, রশুন, ঝাল, হুলুদ, লবন, তৈল ও সাবান ইত্যাদি।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার কমিটির সভাপতি টিপু সুলতান, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্যের পিএস আব্দুস ছালাম ভুট্ট।